

এক মাধবী রাতে

যুথিকা বড়ো

গোধূলীর রিমবিম শেষে, উঠল চাঁদ মুচকি হেসে
ছড়ায়ে স্বচ্ছ জোছনার কোমল আলো দূর-দিগন্ত ঘেঁষে ।
উকি দিলো সুখতারাটি, মোর হদয়াকাশে এসে ।
সাথী ছিল সাথে । আমোদে, আহাল্লাদে, উচ্ছসিত কলকাকলীতে,
উঠেছিল মেতে, রাঙা অনুরাগে, এক অভিনব বৈচিত্র্যময় কোমল অনুভূতিতে !
যেন হঠাত বসন্তের আগমনে, ধেয়ে এলো ধূসর বাদলা মনে,
হদয়-মন-প্রাণ মাতাল করা যৌবনের বাণ !
যেন স্বোতন্ত্রীনি প্রেম যমুনার উভাল তরঙ্গে ভেসে বেড়ানো-
একযুগল মুক্ত-বিহঙ্গের আবেগপূর্ণ মধুর আলাপন !
আবেগে, সোহাগে, আদরে, আবদারে, প্রতিটি নিঃশ্঵াস-প্রঃশ্বাসের সারাক্ষণ,
মেলে বিস্মিত নয়ন ।
উঠেছিল জেগে খুশীর আলোড়ণ । চলেছিল, চক্ষুল মনের একটানা ছন্দবিহীন সুরের
গুন্ট গুন্ট গুঞ্জরণ ।
ক্ষণে ক্ষণে স্নিফ বাতাসের মিষ্টি চুম্বনে, উঠেছিল কেঁপে নাজুক বদন মধুর শিহরণে ।
যেন স্বর্গোদ্যান !
নানা বর্ণের ছন্দে, নিবিড় আনন্দে শুধু ভালোবাসার অবগাহন !
পূর্ণ চন্দ্রিমার উজ্জ্বল আলোকের রেশমী জোছনা গায়ে মেখে,
কল্পনায় করি বিচরণ, শূন্য নিবিড় স্বর্গলোকে ।
জ্বালায়ে নয়নের জ্যোতি, ছড়ায়ে সবুজ মনের দীপ্তি,
অবাধ গতীতে এসেছিল নেমে সুখ নদীর ঢল !
যেন স্বপনে দেখা সুবর্ণ ঝিকিমিকি উজ্জ্বল আলোয় চমকিত একটি শীশমহল !
দিশাহারায় চক্ষুল মনময়ুরী আবেগে বিহুল, আঁঁধীদুটি তার ছল ছল ।
ভাগ্য হোক বিরল !
তবু জানি, এমন মাধবী রাত আর,
জীবনে আসবে না ফিরে বার বার,
শুধু সাক্ষী ধাকুক, আকাশের চন্দ্ৰ-ঘহ-তারা,
বাগিচার সুরভীত জুই-কনক-চাঁপা আর সন্ধ্যা-মালতিরা ।
সাজায়ে স্মৃতিবিজড়িত এক অনবদ্য মধুর অভিসার !

সমাপ্ত

যুথিকা বড়ো : কানাডার টরোন্ট প্রবাসী লেখক ও সঙ্গিত শিল্পী ।

rani_guddi@hotmail.com